

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
গবেষণা
www.udd.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনদের/স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের লক্ষ্যে আয়োজিত ২০২২-২০২৩
অর্থবছরের ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলি সিনিয়র জিওগ্রাফার
সভার তারিখ	৩১/০৫/২০২৩ খ্রিঃ
সভার সময়	সকাল ১০:০০ টায়
স্থান	অনিক কর্মকর্তার অফিস কক্ষ।
উপস্থিতি	সভার উপস্থিতির তালিকা সংযুক্ত তালিকা 'ক' তে এবং সভার আলোকচিত্র সংযুক্ত তালিকা 'খ' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত নগর উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়ের কর্মচারীদের কাছে অত্র সভার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর সংযোজনী ৭ এর ২.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট অর্থ বছরের ০২ টি সভা করার নির্দেশনা রয়েছে। সেই প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তরের অংশীজনদের নিয়ে ১ম অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।

সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থার সকল দিক নিয়ে আলোচনা করেন। তিনি জানান যে, অত্র দপ্তরের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবাবক্সে অত্র দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সকল কার্যক্রম নিয়মিত আপলোড করা হয়।

সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থার গুরুত্বপূর্ণ দিক গুলো উপস্থাপন করেন:

- ১। সুনির্দিষ্ট কারণ ছাড়া অভিযোগ দাখিল করা থেকে বিরত থাকা।
- ২। কারো পরামর্শে অহেতুক অভিযোগ দাখিল না করা।
- ৩। যে বিষয়গুলোর সমাধান দপ্তর প্রধানের মাধ্যমে করা সম্ভব সে সকল বিষয়ে অভিযোগ দাখিল থেকে যথাসম্ভব বিরত থাকা।

সিদ্ধান্তঃ

- ১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

০৮-০৬-২০২৩
মোঃ জাহাঙ্গীর আলি
সিনিয়র জিওগ্রাফার
৪৭১১৯৫৪০

jahangir_ali65@yahoo.com

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০
০৮ জুন ২০২৩

নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০০১.২১.৩৭০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। আইন উপদেষ্টা (যুগ্মসচিব), আইন অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৩। আইন কর্মকর্তা ও অনিক কর্মকর্তা (জিআরএস), আইন শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৪। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৫। উপসচিব, প্রশাসন অধিশাখা-৫, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৬। সিনিয়র জিওগ্রাফার, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৭। সিনিয়র প্ল্যানার ও টীম লিডার, (এপিএ), থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৮। সহকারী প্রকৌশলী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, (এপিএ), সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৯। প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)। এবং
- ১০। অফিস কপি, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।



০৮-০৬-২০২৩

মোঃ জাহাঙ্গীর আলি
সিনিয়র জিওগ্রাফার

সকল সংযুক্তিসমূহ:

- (১) হাজিরা তালিকা সংযুক্তি- 'ক'
- (২) আলোকচিত্র সংযুক্তি - 'খ'